70

দৈনিক ইনকিলাব

তারিখ 08 NOV 1997
পৃষ্ঠা ৭ কলাম ৫

## ...পর্যায়ের ...রিমান্ড শেষে ...গ নেতা শামীমকে আদালতে হাজির

স্টাফ রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুজিববাদী ছাত্রলীগের বহুল আলোচিত নেতা শামীম আহমদকে ২ দিনের পুলিশ রিমান্ড শেষে গতকাল আবার আদালতে হাজির করা হয়। তবে তার জামিনের আবেদনের শুনানি শেষে কোন রায় ঘোষণা না করেই তাকে কেন্দ্রীয় কারাগারে পাঠিয়ে দেয়া হয়। এদিকে কয়েক মাস আগে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক ছাত্রকে লাঞ্ছিত করার অভিযোগ এনে পুলিশ তার বিরুদ্ধে একটি নতুন মামলা দায়ের করেছে। গতকাল শামীম আহমদকে আদালতে হাজির করার সময় বিশ্ববিদ্যালয়ের প্রচুর ছাত্র তাকে দেখতে যায়। কিন্তু শামীম আহমদ মুক্তি না পাওয়ায় তারা বিক্ষুব্ধ হয়ে ওঠে। বিশ্ববিদ্যালয়ের ৬টি

হল এখনো শামীমের অনুগত ছাত্রদের নিয়ন্ত্রণেই রয়েছে। সেখানে বহিরাগত অছাত্র ক্যাডাররা বর্তমানে এ অবস্থায় ঢুকতে সাহস না পেয়ে গোপনে দেনদরবার

১১-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

## শামীম আদালত

প্রথম পৃষ্ঠার পর

করে যাচ্ছে। এবং ফজলুল হক হল ও শহীদুল্লাহ হল দখলে রেখে সংগঠিত হচ্ছে। এদিকে শামীম আহমদের অনুগতদের নিয়ন্ত্রিত প্রধান প্রধান ৬টি হলেই মুজিববাদী ছাত্র লীগের নেতা-কর্মীরা তাদের নেতা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের নিয়মিত ছাত্র শামীম আহমদের মুক্তির দাবীতে সোচ্চার হয়ে উঠেছে। তারা শামীমের মুক্তির দাবীতে গত ৫ দিন ধরে প্রতিবাদস্বরূপ বিশ্ববিদ্যালয় ছাত্র লীগের কোন কর্মকান্ডেই অংশ নিচ্ছে না। ফলে ক্যাম্পাসে ছাত্র লীগের কর্মকান্ড বর্তমানে সম্পূর্ণ স্থবির হয়ে পড়েছে। ছাত্র লীগের মাত্র ৪/৫ জন কেন্দ্রীয় নেতা ছাড়া আর কোন নেতাকর্মীই এখন মধুর ক্যান্টিনে যান না। হলগুলোর তরুণ নেতা-কর্মীদের স্পষ্ট দাবী শামীম আহমদের মুক্তি ছাড়া তারা ছাত্র লীগের কোন কর্মকান্ডেই অংশ নেবে না এবং বহিরাগত অছাত্র চাঁদাবাজদের আনুগত্যও স্বীকার করবে না।

এদিকে শামীম আহমদের মুক্তির দাবীতে বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্র-ছাত্রীরা গতকাল "শামীম আহমদ মুক্তি পরিষদ" গঠন করেছে। পরিষদের উদ্যোগে গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত এক সমাবেশে নির্দোষী ছাত্র শামীম আহমদকে বিনা কারণে হয়রানিমূলকভাবে গ্রেফতার ও ষড়যন্ত্রমূলকভাবে কারাগারে আটকে রাখার তীব্র নিন্দা এবং প্রতিবাদ জানিয়ে অবিলম্বে তার নিঃশর্ত মুক্তিদাবী করা হয়। বক্তারা বলেন, তার বিরুদ্ধে কোন মামলা না থাকায় অযথা তাকে হয়রানি করা হচ্ছে যা রহস্যজনক। অথচ অছাত্র বহিরাগত চাঁদাবাজ সন্ত্রাসীদের গ্রেফতার না করে সাধারণ ছাত্র-ছাত্রীদের ওপরে এভাবে ভয়-ভীতি ছড়ানো হচ্ছে। শীঘ্রই মিথ্যা ও হয়রানিমূলক অভিযোগ প্রত্যাহার করে শামীম আহমদকে মুক্তি না দিলে তারা কঠিন-কঠোর কর্মসূচী ঘোষণা করবে বলে উল্লেখ করেছে। তারা এজন্য ভিসিকে উদ্যোগ নিতে এবং অছাত্রদেরকে প্রতিহত করতে আহবান জানিয়েছে।